এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

অর্থনীতি

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় কোড : ১ ৪ ১

পূর্ণমান— ৭০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

সুযোগ ব্যায়
মানুষ দেওয়া নেওয়া করে
মানুষ প্রান্তিক পর্যায়ে চিন্তা করে
বাণিজ্যে সবাই উপকৃত হয়
উৎসাহ মানুষ সাড়া দেয়

ক. অথনীতি সম্পর্কে এল রবিন্সের সংজ্ঞাটি লিখ। ১

খ. সম্পদের দুষ্প্রাপ্যতা ও অসীম অভাব বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে অর্থনীতি কী প্রকাশ পেয়েছে? সংক্ষেপে এর স্বরূপ উপস্থাপন কর। ৩

ঘ. 'উপযুক্ত বিষয়টি অর্থনৈতিক কার্যাবলিতে গতি আনে' তুমি কি একমত? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

২.▶ নিচের চিত্রের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. অর্থনীতিতে চাহিদা কী? ১

খ. প্রান্তিক উপযোগ বলতে কী বোঝায়? ২

গ. উল্লিখিত চিত্রটি অর্থনীতির কোন ধারণার সঙ্গে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. বর্ণিত চিত্রে শুধুমাত্র SS রেখাটি বামে স্থানান্তরিত হলে অর্থনীতিতে এর প্রতিক্রিয়া কীরূপ হবে বলে তুমি মনে কর? ৪

৩.▶ জনাব মতিনের একটি ফ্যাশন হাউস আছে। সেখান থেকে প্রতিমাসে মুনাফা হয় ২০,০০০ টাকা। পনের হাজার টাকা পরিবারের কাজে ব্যয় করেন। দুই হাজার টাকা দুর্দিনের জন্য সঞ্চয় করেন এবং তিন হাজার টাকা তার ব্যবসায় অতিরিক্ত মূলধন হিসেবে খরচ করেন।

ক. মূলধন কী? ১

খ. মূলধন কীভাবে গঠিত হয় ব্যাখ্যা কর। ২

গ. জনাব মতিন মূলধন গঠনে কীভাবে অর্থনৈতিক জ্ঞান প্রয়োগ করেন ব্যাখ্যা কর। ৩

ঘ. মূলধন গঠন জনাব মতিনের ব্যবসায় উন্নতির পাশাপাশি একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে সাহায্য করছে। আলোচনা কর। ৪

৪.▶ মিলন ও তার কয়েকজন বন্ধু একটি কারখানায় কাজ করেন। কারখানার মালিক হাবিব সাহেব তাদের কাজ তদারকি করেন। তারা দিনে ৮ ঘণ্টা কাজ করেন। মাস শেষে তারা একটি নির্দিষ্ট বেতন পান। লাভ বা লোকসানের দায় কারখানার মালিকের।

ক. আর্থিক উৎপাদন ব্যয় কী? ১
খ. উৎপাদনের কোন উপাদানকে উদ্যোক্তা বলে এবং কেন? ২
গ. মিলন ও তার বন্ধুরা উৎপাদনের যে উপাদান সেটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উৎপাদন ক্ষেত্রে হাবিব সাহেবের সামগ্রিক ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৫.▶ সামীর জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে এমএ পাস করেছে। তার এখনও চাকরি হয়নি। ইদানিং সে তার মায়ের পরিচালিত হস্তশিল্পে তার মাকে কাজে সাহায্য করে। মায়ের কাছে থেকে তার সময় ভালো কাটে কিন্তু তাদের হস্তশিল্পে উৎপাদন বা আয় পূর্বের অবস্থায় আছে।

ক. উন্নয়ন কী? ১
খ. মানবসম্পদ উন্নয়ন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সামীরের কাজে যোগদান কোন ধরনের বেকারত্ব প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত অবস্থা থেকে উত্তরণের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ মোবিন সাহেব একজন ধনী কৃষক। সে চাষকাজে ট্রাক্টর ব্যবহার করায় তার জমিতে বেশি ফলন হয়। তাকে দেখে তার এলাকার অন্য কৃষকরা ট্রাক্টর কেনার কথা চিন্তা করে। ফলে বাজারে ট্রাক্টরের চাহিদা বৃদ্ধি পায়।

ক. STOL কী? ১
খ. সেবাখাত বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মোবিনের জমিতে ট্রাক্টর ব্যবহার করায় উৎপাদন বৃদ্ধি পায়— ব্যাখ্যা কর। ৩
ঘ. কৃষি ও শিল্পখাতের উন্নয়নের উপর দেশের অর্থনৈতিক উন্নয়ন নির্ভরশীল— বিশ্লেষণ কর। ৪

৭.▶ জসিম সাহেব জাতীয় আয় গণনার দায়িত্বে নিয়োজিত সরকারি প্রতিষ্ঠানে কাজ করেন। একটি আলোচনা অনুষ্ঠানে তিনি বলেন, জাতীয় আয় পরিমাপের জন্য বিভিন্ন পদ্ধতি অবলম্বন করতে হয়।

ক. জাতীয় আয় গণনার দায়িত্বে নিয়োজিত সরকারি প্রতিষ্ঠানটির নাম কী? ১
খ. এই সরকারি প্রতিষ্ঠান কীভাবে GDP ও GNI গণনা করে ব্যাখ্যা কর। ২
গ. উৎপাদন পদ্ধতিতে জাতীয় আয় পরিমাপের কৃষিজ ও বনজ খাতটি ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার মতে জাতীয় আয় পরিমাপের কোন খাতটি সবচেয়ে গুরুত্বপূর্ণ আলোচনা কর। ৪

৮.▶ একটি কাল্পনিক বাজেট দেওয়া হলো— অর্থবছর (২০১৫-১৬)

আয়-হাজার কোটি টাকায়	ব্যয়-হাজার কোটি টাকায়
বাণিজ্য শুল্ক-৭০	প্রতিরক্ষা-৭০
মূল্য সংযোজন কর-৫০	বেসামরিক প্রশাসন-৪০
রেজিস্ট্রেশন-৪০	শিক্ষা-৬০
	অপ্রত্যাশিত ব্যয়-৪০

ক. চলতি বাজেট কাকে বলে? ১
খ. সরকারের আয়-ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. উপযুক্ত বাজেট কী ধরনের বাজেট ব্যাখ্যা কর। ৩
ঘ. উপযুক্ত বাজেটে কোন খাতটিতে অধিক পরিমাণে ব্যয় বরাদ্দ করা উচিত তা যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৯. ▶ নিচের চিত্রের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. অঞ্চলের ভিত্তিতে বাজার কত প্রকার? ১
খ. জাতীয় বাজার বলতে কী বোঝায়? ২
গ. চিত্রে AR = MR = P কোন বাজারের ক্ষেত্রে দেখা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. এ বাজারে দাম (P) বিক্রেতা কীভাবে পেয়ে থাকে বিশ্লেষণ কর। ৪

১০. ▶ জনাব মতিউর একজন ব্যবসায়ী। তিনি সমস্ত দ্রব্য একই সময়ে বিক্রি করেন না। কিছু দ্রব্য বিক্রি করেন এবং কিছু মজুদ রাখেন। দ্রব্যের দাম যখন বেশি হয় তখন তিনি দ্রব্যের যোগানের পরিমাণ বাড়িয়ে দেন। তবে অনেক সময় বিভিন্ন পারিপার্শ্বিক অবস্থার কারণে অথবা ভবিষ্যতে দাম বাড়তে পারে এরূপ সম্ভাবনা থাকলে বর্তমানে দাম বাড়লেও যোগানের পরিমাণ বাড়ান না।
ক. যোগান কী? ১
খ. অর্থনীতিতে যোগান ও মজুদ একই অর্থে ব্যবহৃত হয় কিনা ব্যাখ্যা কর। ২
গ. জনাব মতিউরের দ্রব্যের যোগানের আলোকে একটি তালিকার সাহায্যে উদ্ভূত বিধি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিধির ব্যতিক্রমগুলো বিশ্লেষণ কর। ৪

১১. ▶ রেহানা তার জমাকৃত অর্থ নিয়ে একটি ব্যাংকে যায়। কিন্তু সেখানে সে টাকা জমা রাখতে পারে না। ব্যাংক কর্মকর্তা জানায় তার ব্যাংক অন্যান্য ব্যাংকের ব্যাংক হিসাবে কাজ করে। এরপর সে অন্য একটি আর্থিক প্রতিষ্ঠানে গিয়ে টাকা জমা রাখতে পারে এবং বছর শেষে সে তার জমাকৃত অর্থ অতিরিক্ত অর্থসহ উত্তোলন করে।
ক. রূপান্তরযোগ্য মুদ্রা কাকে বলে? ১
খ. অর্থকে বিনিময়ের মাধ্যম বলা হয় কেন? এর স্বরূপ ব্যাখ্যা কর। ২
গ. রেহানা প্রথমে যে ব্যাংকে যায় তার কার্যাবলি ব্যাখ্যা কর। ৩
ঘ. রেহানা পরে যে ব্যাংকে যায় দেশের অর্থনীতিতে তার অবদান মূল্যায়ন কর। ৪

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : | ১ | ৪ | ১ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ক্ল্যাসিক্যাল অর্থনীতিবিদ কে?

(ক) জন স্টুয়ার্ট মিল
(খ) অধ্যাপক মার্শাল
(গ) অধ্যাপক এল রবিন্স
(ঘ) ড. অমর্ত্য সেন

২. কোনটি হিব্রু (Hebrew) সভ্যতার যুগ?

(ক) ২০০০ খ্রিস্টপূর্ব (খ) ২২০০ খ্রিস্টপূর্ব
(গ) ২৫০০ খ্রিস্টপূর্ব (ঘ) ৩০০০ খ্রিস্টপূর্ব

৩. ইংল্যান্ডের উৎপাদিত পণ্য পৃথিবীর বিভিন্ন দেশে রপ্তানি করে কোন মূল্যবান ধাতু আমদানি করত?

(ক) সোনা (খ) তামা
(গ) প্লাটিনাম (ঘ) ব্রোঞ্জ

৪. নিচের কোনটি বর্তমান বিশ্বে উন্নত অর্থব্যবস্থা বলে ধারণা করা হয়?

(ক) ধনতন্ত্র
(খ) সমাজতন্ত্র
(গ) ইসলামি অর্থব্যবস্থা
(ঘ) মিশ্র অর্থব্যবস্থা

৫. বাংলাদেশে পানির উৎস প্রধানত কয়টি?

(ক) দুইটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

৬. বাংলাদেশে নিম্নলিখিত কোনটিতে খনিজ তেল জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়?

(ক) ঠাকুরগাঁও তাপ বিদ্যুৎ কেন্দ্র
(খ) চট্টগাম তাপ বিদ্যুৎ কেন্দ্র
(গ) ঘোড়াশাল তাপ বিদ্যুৎ কেন্দ্র
(ঘ) আশুগঞ্জ তাপ বিদ্যুৎ কেন্দ্র

৭. নিচের কোনটি অর্থনৈতিক কাজ নয়-

(ক) বেতারে গান গাওয়া
(খ) বিজ্ঞাপনের কাজ
(গ) সেবিকার সেবা
(ঘ) চুরির কাজ

৮. বাংলাদেশের বনভূমির পরিমাণ মোট ভূখণ্ডের কত ভাগ?

(ক) ১৫% (খ) ১৭%
(গ) ২০% (ঘ) ২৫%

৯. সুযোগ ব্যয় বলতে বোঝায়-

i. একটি দ্রব্য পাওয়ার জন্য আরেকটি দ্রব্য ত্যাগ করা
ii. দুটি দ্রব্যই ত্যাগ করা
iii. বেশি প্রয়োজনীয় দ্রব্য নির্বাচন করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০. জীবিকার জন্য কাজ করতে হয়-

i. অফিসে
ii. কল-কারখানায়
iii. জমিতে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. প্রান্তিক উপযোগ ঋণাত্মক হয়-

(ক) মোট উপযোগ কমতে থাকলে
(খ) মোট উপযোগ বাড়তে থাকলে
(গ) মোট উপযোগ স্থির থাকলে
(ঘ) মোট উপযোগ সর্বোচ্চ হলে

১২. চাহিদার সাথে দামের সম্পর্ক কীরূপ?

(ক) সমান (খ) ঘনিষ্ঠ
(গ) বিপরীতমুখী (ঘ) সমমুখী

নিচের চিত্রটি দেখ এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:



১৩. উদ্দীপকটি কী দেখায়?

(ক) চাহিদা (খ) যোগান
(গ) ভারসাম্য দাম নির্ধারণ
(ঘ) উৎপাদন

১৪. দ্রব্যের দাম যখন P_2 তখন-

i. ভারসাম্য দাম অপেক্ষা বেশি
ii. ভারসাম্য দাম অপেক্ষা কম
iii. যোগান চাহিদা অপেক্ষা বেশি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. উপযোগ বৃদ্ধি পায় কোন উৎপাদনের মাধ্যমে?

(ক) রূপগত উৎপাদন (খ) স্থানগত উৎপাদন
(গ) সেবাগত উৎপাদন
(ঘ) সবগুলো

১৬. উৎপাদন ব্যবস্থাপনার নীতি নির্ধারণের কাজ করে কে?

(ক) শ্রমিক (খ) ক্রেতা
(গ) সংগঠক (ঘ) বিক্রেতা

১৭. নিচের কোনটি অপ্রকাশ্য ব্যয়?

(ক) বাড়ি ভাড়া (খ) অফিস স্থাপন
(গ) সুদ (ঘ) কাঁচামাল ক্রয়

১৮. কৃষিপণ্য উৎপাদন করতে প্রয়োজন পড়ে-

i. জমি
ii. বীজ iii. সার

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে দ্রব্যের প্রকৃতি কীরূপ?

(ক) কমবেশি (খ) সমজাতীয়
(গ) ভালো (ঘ) নিম্নমানের

২০. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের কাছাকাছি নিচের কোন বাজার?

(ক) বেসরকারি হাসপাতাল
(খ) ডায়গনস্টিক সেন্টার
(গ) রেলপথ (ঘ) রিক্সা পরিবহন

২১. শিল্পের অন্তর্গত ফার্মসমূহের মূল্য ও উৎপাদন কেমন?

(ক) পরিবর্তনশীল (খ) স্থির
(গ) কেবল কমানো যায়
(ঘ) কেবল বাড়ানো যায়

২২. মোট দেশজ উৎপাদ নির্ধারণ করা হয়-

i. চূড়ান্ত দ্রব্য যোগ করে
ii. চূড়ান্ত সেবার মূল্য যোগ করে
iii. চূড়ান্ত মধ্যবর্তী দ্রব্য যোগ করে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. মূলধনের ক্ষয়ক্ষতিজনিত ব্যয় বাদ দিলে নিচের কোনটি পাওয়া যায়?

(ক) GDP (খ) GNI
(গ) NNP (ঘ) CCA

২৪. অর্থের কাজ কয়টি?

(ক) দুইটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

২৫. সাবেক স্টেট ব্যাংক অব পাকিস্তান এর সকল সম্পদ ও দায় নিয়ে কোন ব্যাংক প্রতিষ্ঠিত হয়?

(ক) স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক
(খ) বাংলাদেশ ডেভলপমেন্ট ব্যাংক
(গ) স্টেট ব্যাংক অব ইন্ডিয়া
(ঘ) বাংলাদেশ ব্যাংক

২৬. বাংলাদেশ ডেভলপমেন্ট ব্যাংকের ঋণ পরিশোধের সময়সীমা সর্বোচ্চ কত বছর?

(ক) ১৮ বছর (খ) ৫ বছর
(গ) ১৯ বছর (ঘ) ২০ বছর

২৭. সরকার কর্তৃক প্রচলিত বিহিত মুদ্রা হলো-

i. ধাতব মুদ্রা
ii. কাগজি মুদ্রা
iii. চেক ও প্রাইজবন্ড

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. বাংলাদেশে রপ্তানি প্রক্রিয়াজতকরণ এলাকা সংক্ষেপে ইংরেজিতে কী বলে?

(ক) EPC (খ) EPZ
(গ) APC (ঘ) EPS

২৯. চামড়া শিল্প কোন ধরনের শিল্প?

(ক) কুটির শিল্প (খ) ক্ষুদ্রায়তন শিল্প
(গ) মাঝারি শিল্প (ঘ) বৃহৎ শিল্প

৩০. রাসায়নিক দ্রব্য তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?

(ক) চুনাপাথর (খ) সিলিকা বালু
(গ) চীনামাটি (ঘ) গন্ধক

উত্তর	১	(ক)	২	(গ)	৩	(ক)	৪	(ঘ)	৫	(খ)	৬	(ক)	৭	(ঘ)	৮	(খ)	৯	(খ)	১০	(ঘ)	১১	(ক)	১২	(গ)	১৩	(ঘ)	১৪	(খ)	১৫	(ঘ)
	১৬	(গ)	১৭	(খ)	১৮	(ঘ)	১৯	(খ)	২০	(ঘ)	২১	(খ)	২২	(ক)	২৩	(গ)	২৪	(গ)	২৫	(ঘ)	২৬	(ঘ)	২৭	(ক)	২৮	(খ)	২৯	(গ)	৩০	(খ)